# 212629 - শরয়িত আমাদরেকে দোয়া করার প্রত উিদ্বুদ্ধ কর কনে; অথচ আল্লাহ্তাআলা কখনও কখনও দোয়াকারীর দোয়া কবুল করনে না?

প্রশ্ন

“হে আল্লাহ্! আপন চিাইলে আমাকে ক্ষমা করুন; হে আল্লাহ্! আপন চিাইলে আমাকে রহম করুন” এভাবে দোয়া করা থকে হোদসি নেষিধোজ্ঞা এসছে।ে কনেনা আল্লাহ্কে বাধ্য করার কউে নইে। যদ তিাই হয়ে থাক;ে তাহলে শরয়িত আমাদরেকে দোয়া করার প্রত উিদ্বুদ্ধ কর কনে? অন্য কথায়: আল্লাহ্যদ কিক্ষণো আমাদরে দোয়া কবুল না করবনে; তাহলে আমরা দোয়া কর কিনে?

প্রয়ি উত্তর

আলহামদু লল্লিাহ।.

এক:

আবু হুরায়রা (রাঃ) থকে বের্ণতি আছে য,ে তনি নিবী সাল্লাল্লাহু আলাইহ ওিয়া সাল্লাম থকে বের্ণনা করছেনে য,ে তনি বিলনে: “তোমাদরে কউে যনে না বল:ে হে আল্লাহ্! আপন চিাইলে আমাকে ক্ষমা করুন’ আপন চিাইলে আমার প্রত দিয়া করুন, আপন চিাইলে আমাকে রযিকি দনি। বরং সে যনে সুদৃঢ়ভাবে চায়। নশ্চিয় তনি যিা ইচ্ছা তাই-ই করনে; তাকে বাধ্য করার কউে নইে।”[সহহি বুখারী (৭৪৭৭) ও সহহি মুসলমি (২৬৭৯)]

আবু সাঈদ আল-খুদর (রাঃ) বলনে: “যখন তোমরা আল্লাহ্র কাছে দোয়া কর তখন তোমরা তোমাদরে চাওয়া পশে কর। কনেনা আল্লাহ্র কাছে যা আছে কোন কছিু (দান) সটোকে ফুরয়িে ফলোর নয়। যখন তোমরা দোয়া কর তখন দৃঢ়ভাবে কর। নশ্চিয় আল্লাহ্কে বাধ্য করার কউে নইে।”[জামউেল উলুম ওয়াল হকিাম (২/৪৮) থকে সেমাপ্ত]

ইবনে বাত্তাল (রহঃ) বলনে:

“এ হাদসি দেললি রয়ছে য,ে মুমনিরে জন্য বাঞ্ছনীয় হল জোরোলোভাবে দোয়া পশে করা, দোয়া কবুলরে ব্যাপারে আশান্বতি থাকা এবং আল্লাহ্র রহমত থকে নেরিাশ না হওয়া। কনেনা সে তো মহানুভবকে ডাকছ।ে এই মর্মে নবী সাল্লাল্লাহু আলাইহ ওিয়া সাল্লাম থকে মেুতাওয়াতরি হাদসি বর্ণতি আছ।ে”[শারহু সহহিলি বুখারী (১০/৯৯) থকে সেমাপ্ত]

কুরতুবী (রহঃ) বলেন:

হাদিসের বাণী: "আপনি চাইলে" এটি তাঁর (আল্লাহ্র) ক্ষমা, দান ও রহমত থেকে এক ধরণের অমুখাপেক্ষিতা; যেমন— কেউ বলে থাকে: যদি আপনি আমাকে অমুকটা দিতে চান দিতে পারেন। এ ধরণের শৈলী এমন কিছুর ক্ষেত্রে ব্যবহার করা হয় যা না হলেও চলে। যদি কোন জিনিসের জরুরী প্রয়োজন হয় সেক্ষেত্রে ব্যক্তি দৃঢ়ভাবে সেটা চেয়ে থাকে এবং অভাবী ও অনন্যোপায় ব্যক্তি তার প্রয়োজন যেভাবে পেশ করে থাকে সেভাবে চেয়ে থাকে।"[তাফসিরে কুরতুবী (২/৩১২) থেকে সমাপ্ত]

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

"দোয়াকে ইচ্ছার সাথে সম্পৃক্ত করা তিন দিক থেকে গর্হিত:

এক. এভাবে দোয়াকারী যেন অবহিত করছে যে, আল্লাহ্কে বাধ্যকারী কেউ রয়েছে এবং আল্লাহ্র উপরেও এমন কেউ আছে যে আল্লাহ্কে বাধা দিতে পারে। তাই এ পদ্ধতিতে দোয়াকারী যেন বলছে: আমি আপনাকে বাধ্য করব না। আপনি চাইলে ক্ষমা করুন; আর চাইলে ক্ষমা না করুন।

দুই. কেউ যখন বলে "আপনি চাইলে (ক্ষমা করুন)" যেন সে ব্যক্তি এ বিষয়টিকে আল্লাহ্র জন্য বড় কিছু মনে করছে। অর্থাৎ এটি আল্লাহ্র কাছে বড় কিছু হওয়ার কারণে তিনি হয়তো নাও চাইতে পারেন। এর উদাহরণ হচ্ছে এমন; আপনি কোন একজন মানুষকে বলছেন যে, আমাকে এক মিলিয়ন রিয়াল দিন; যদি আপনি দিতে চান। কেননা আপনি যখন এমন কোন প্রস্তাব কাউকে দেন তার কাছে প্রস্তাবটি হয়তো একটু ভারী মনে হতে পারে; সেটাকে কিছুটা হালকা করার জন্য আপনি বলতে পারেন যে, যদি আপনি চান। কিন্তু আল্লাহ্তাআলার ক্ষেত্রে 'আপনি চাইলে' এমন কিছু বলার প্রয়োজন নাই। যেহেতু আল্লাহ্র কাছে কোন কিছুই বড় নয়। তাই তো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আগ্রহটা বড় হওয়া চাই"। কেননা আল্লাহ্র কাছে কোন কিছুই বড় নয়; যা তিনি কাউকে দেন।

হাদিসের বাণী: "আগ্রহটা বড় হওয়া চাই": কম হোক কিংবা বেশি হোক সেটি চাওয়া উচিত। বান্দা এ কথা বলবে না যে, এটি অনেক। আমি আল্লাহ্র কাছে এটি চাইব না। এ কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "কেননা আল্লাহ্র কাছে কোন কিছুই বড় নয়; যা তিনি কাউকে দেন"। অর্থাৎ আল্লাহ্র কাছে কোন কিছু এমন বড় নয় যে, তিনি সেটা দিবেন না কিংবা সেটা দিতে কৃপণতা করবেন। যা কিছু আল্লাহ্তাআলা মানুষকে প্রদান করেন এর কোন কিছু তাঁর কাছে বড় নয়। বরং আল্লাহ্তাআলা একটি মাত্র বাক্যের মাধ্যমে সৃষ্টিকুলকে পুনরুত্থিত করবেন। এটি একটি মহা ঘটনা। কিন্তু আল্লাহ্র জন্য সহজ।

তিন. এভাবে দোয়াকারী অবহিত করে যে, সে আল্লাহ্থেকে অমুখাপেক্ষী। যেন সে বলছে: আপনি চাইলে করুন এবং চাইলে না করুন; আমার কাছে তা গুরুত্বপূর্ণ নয়।"[মাজমুউ ফাতাওয়া ওয়া রাসায়িলিল উছাইমীন (১০/৯১৭-৯১৮)]

আরও জানতে দেখুন: 105366 নং প্রশ্নোত্তর।

দুই:

আল্লাহ্‌তাআলা তার বান্দাদেরকে দোয়া করার নির্দেশ দিয়েছেন এবং তাদের দোয়া কবুল করার প্রতিশ্রুতি দিয়েছেন; যদি তারা একনিষ্ঠভাবে দোয়া করে  এবং নিজের দৈন্যতা প্রকাশ করে। তিনি বলেন: "তোমাদের প্রভু বলেন; তোমরা আমাকে ডাক; আমি তোমাদের ডাকে সাড়া দিব"।[সূরা গাফের, আয়াত: ৬০]

আল্লাহ্‌র কাছে যে ভাণ্ডার ও দান রয়েছে এখানে আলোচনার বিষয়টি সেটা নয়। যেহেতু আল্লাহ্‌র ভাণ্ডার পরিপূর্ণ; খরচ করলে সেটা কমে না এবং দিলে বাড়ে না। কিংবা এটি আল্লাহ্‌র দেয়া প্রতিশ্রুতির সাথেও সম্পৃক্ত নয়। কেননা আল্লাহ্‌তাআলা প্রতিশ্রুতি ভঙ্গ করেন না। বরং এখানে মুখ্য বিষয় হল: বান্দা নিজেকে দাসত্ব ও আশার মর্যাদায় পেশ করা, দোয়ার স্বরূপ বাস্তবায়ন ও দোয়া করা; ঠিক আল্লাহ্‌তাঁর বান্দাদেরকে যেভাবে পালন করার নির্দেশ দিয়েছেন; এবং দোয়া কবুলের প্রতিবন্ধকতাগুলো ও আল্লাহ্‌র পথ থেকে বিচ্যুতকারী বিষয়গুলো থেকে বেঁচে থাকা।

দোয়াটাই আল্লাহ্‌র ইবাদত; বরঞ্চ মহান ইবাদতগুলোর মধ্যে অন্যতম। যে কোন ইবাদতেরই কিছু আদব, শর্ত ও বিশেষ কাঠামো রয়েছে; বান্দার জন্য সেগুলো মান্য করা মুস্তাহাব।

আর প্রত্যেক কারণের বিপরীতে কিছু প্রতিবন্ধকতা থাকে; যা কারণের ফলাফলকে বাধাগ্রস্ত করে কিংবা কারণের প্রভাবকে দুর্বল করে দেয়।

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

"দোয়াকারী কি দোয়া কবুল হওয়ার ব্যাপারে নিশ্চয়তা দিবে?

জবাব: যদি এর দ্বারা উদ্দেশ্য করা হয় আল্লাহ্‌র সক্ষমতাকে তাহলে আল্লাহ্‌তাআলা দোয়া কবুল করতে সক্ষম এ দৃঢ়তা ব্যক্ত করা আবশ্যক। আল্লাহ্‌তাআলা বলেন: "তোমরা আমাকে ডাক; আমি তোমাদের ডাকে সাড়া দিব"। পক্ষান্তরে, আপনার নিজের দোয়া কবুল হওয়া: আপনার মাঝে যে প্রতিবন্ধকতাগুলো রয়েছে সে বিবেচনা থেকে কিংবা দোয়া কবুল হওয়ার কারণগুলো পূর্ণ না হওয়ার দিক থেকে আপনি দোয়া কবুলের ব্যাপারে আশংকায় থাকতে পারেন।

তদুপরি আপনার উচিত আল্লাহ্‌র প্রতি সুধারণা রাখা। কেননা আল্লাহ্‌তাআলা বলেছেন: "তোমরা আমাকে ডাক; আমি তোমাদের ডাকে সাড়া দিব"। যিনি শুরুতে আপনাকে দোয়া করার তাওফিক দিয়েছেন তিনিই শেষে দোয়া কবুল করে আপনার প্রতি অনুগ্রহ করবেন। বিশেষতঃ ব্যক্তি যদি দোয়া কবুল হওয়ার কারণগুলো বাস্তবায়ন করে এবং প্রতিবন্ধকতাগুলো থেকে বেঁচে থাকে। প্রতিবন্ধকতাগুলোর মধ্যে রয়েছে দোয়াতে সীমালঙ্ঘন করা; যেমন কোন পাপ কাজের কিংবা আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করার

দোয়া করা...।[মাজমুউ ফাতাওয়া ওয়া রাসায়লিলি উছাইমীন (১০/৯১৮)]

দোয়া করার গুরুত্বপূর্ণ আদবগুলো দেখুন 36902 নং প্রশ্নোত্তরে এবং দোয়া কবুলরে প্রতবিন্ধকতাগুলো দেখুন 5113 নং প্রশ্নোত্তরে।

তনি:

দোয়াকারী তার প্রভুকে ডাকার ফলে দোয়া কবুল হলওে প্রার্থতি বষিয় ঠকি যভোবে চাওয়া হয়ছে সভোবে হাছলি হওয়া আবশ্যক নয়। বরং দোয়া কবুল কয়কেভাবে হতে পার: দোয়াকারীর প্রার্থতি বষিয় অবলিম্বে তাকে প্রদান করা কংিবা অনুরূপ কোন মন্দ তার থকেে দূরীভুত করা কংিবা এ দোয়াটকিে তার জন্য কয়িমাতরে দনি প্রদয়ে পুরস্কার বা সওয়াব হসিবে সংরক্ষতি কর রাখা।

আবু সাঈদ আল-খুদরি (রাঃ) থকেে বর্ণতি আছে য, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: ‘কোন মুসলমি যদি দোয়া কর এবং স দোয়াতে কোন পাপ কংিবা আত্মীয়তার সম্পর্ক ছন্নিরে বষিয় না থাকে তাহলে আল্লাহ্তাকে তনিটি বষিয়রে কোন একটি দতিে পারনে: অবলিম্বে তার দোয়া কবুল হওয়া, কংিবা তার দোয়াটকিে তার জন্য আখরিাতে পুঞ্জীভুত কর রাখা কংিবা অনুরূপ কোন অনষ্টি তার থকেে দূরীভুত করা। তারা (সাহাবীরা) বলল: তাহলে আমরা প্রচুর দোয়া করব? তনি বললনে: আল্লাহ্ও অধকি দাতা।’[মুসনাদে আহমাদ (১০৭৪৯), আলবানী ‘সহহিুত তারগীব ওয়াত তারহীব’ গ্রন্থে (১৬৩৩) হাদসিটকিে সহহি বলছেনে]

হাফযি ইবনে হাজার (রহঃ) বলনে:

“প্রত্যকে দোয়াকারীর দোয়াই কবুল হয়। তবে কবুলরে প্রকার বভিন্নি: কখনও দোয়াকৃত বষিয়টি দয়ো হতে পার, কখনও এর বনিমিয় অন্যটি দয়ো হতে পার। এ ব্যাপার সহহি হাদসি উদ্ধৃত হয়ছে।”[ফাতহুল বারী (১১/৯৫) থকেে সমাপ্ত]

শাইখ বনি বায (রহঃ) বলনে:

“ব্যক্তরি কর্তব্য হল অনুনয়রে সাথে বারবার দোয়াটি পশে করা ও আল্লাহ্র প্রতি সুধারণা রাখা এবং এ কথা জনে রাখা য, আল্লাহ্হচ্ছনে— প্রজ্ঞাবান ও জ্ঞানী। তনি তাঁর প্রজ্ঞাবলে কখনও দ্রুত সাড়া দনে; আবার কখনও বলিম্বে সাড়া দনে। আবার কখনও কখনও দোয়াকারী যা চয়েছে এর চয়ে উত্তমটি তাকে দান করনে।”[মাজমুউ ফাতাওয়া বনি বায (৯/৩৫৩) থকেে সমাপ্ত]

আল্লাহ্তাআলাই সর্বজ্ঞ।